গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০১.২৪.৬১

তারিখ: ১২ ভাদ্র ১৪৩১ / ২৭ আগস্ট ২০২৪

**বিষয়: মাননীয় উপদেষ্টাগণের রাষ্ট্রীয়/সরকারি কাজে বিদেশে গমন ও দেশে প্রত্যাবর্তনকালে বিমানবন্দরে এবং দেশের অভ্যন্তরে সফরকালে অনুসরণীয় রাষ্ট্রাচার (Protocol) সংক্রান্ত নির্দেশাবলি।**

রাষ্ট্রীয়/সরকারি কাজে বিদেশে ও দেশের অভ্যন্তরে সফরকালীন মাননীয় উপদেষ্টাগণকে বিদায় সংবর্ধনা ও স্বাগত জানানোর জন্য নীতি নির্ধারণ করে সরকার নিম্নরূপ নতুন নির্দেশাবলি জারি করছে:

**বিদেশ সফর:**

মাননীয় উপদেষ্টাগণের বিদেশে গমন ও প্রত্যাবর্তনকালে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব বিমানবন্দরে উপস্থিত থাকবেন।

**দেশের অভ্যন্তরে সফর:**

(১) দেশের অভ্যন্তরে সফরকালে মাননীয় উপদেষ্টাগণের অভিপ্রায় অনুযায়ী তাঁর ঢাকা ত্যাগ ও প্রত্যাবর্তনস্থলে মন্ত্রণালয়/বিভাগের মাননীয় উপদেষ্টার একান্ত সচিব উপস্থিত থাকবেন।

(২) জেলাসদরে যথাসম্ভব জেলাপ্রশাসক ও পুলিশ সুপার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের স্থানীয় পর্যায়ের জ্যেষ্ঠতম কর্মকর্তা মাননীয় উপদেষ্টাকে আগমন ও বিদায়ের স্থানে অভ্যর্থনা ও বিদায় সংবর্ধনা জানাবেন।

(৩) জেলাসদরে উপস্থিত থাকার জন্য জেলাপ্রশাসক অথবা পুলিশ সুপারের নিজের সরকারি সফর বাতিল বা পরিবর্তন করার প্রয়োজন হবে না। এরূপ ক্ষেত্রে জ্যেষ্ঠ অতিরিক্ত জেলাপ্রশাসক/অতিরিক্ত পুলিশ সুপার মাননীয় উপদেষ্টাকে অভ্যর্থনা ও বিদায় সংবর্ধনা জানাবেন। তবে, জেলাপ্রশাসক পূর্বেই নিজের সফরসূচি জারি করে থাকলে মাননীয় উপদেষ্টার সফরসূচি পাওয়ার পরই উপদেষ্টার সঙ্গে যোগাযোগ করে নিশ্চিত হবেন যে, জেলাপ্রশাসকের সদরে থাকা আবশ্যক কিনা। উপদেষ্টা এরূপ ইচ্ছা প্রকাশ করলে সেক্ষেত্রে জেলাপ্রশাসক তাঁর সফরসূচি বাতিল করবেন।

(৪) উপজেলা সদর অথবা উপজেলার অন্য কোন স্থানে উপদেষ্টার সফরকালে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী পুলিশ সুপার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের স্থানীয় পর্যায়ের জ্যেষ্ঠতম কর্মকর্তা উপদেষ্টাকে অভ্যর্থনা ও বিদায় সংবর্ধনা জানাবেন। আবশ্যক না হলে জেলাপ্রশাসক কিংবা পুলিশ সুপারের এক্ষেত্রে উপস্থিত থাকার প্রয়োজন নেই।

(৫) উপদেষ্টার আগমন ও প্রস্থানের সময় আবশ্যক না হলে বিমানবন্দর বা রেলওয়ে স্টেশনে জেলাপ্রশাসক, ঢাকা/চট্টগ্রাম/কক্সবাজার-এর উপস্থিত থাকার প্রয়োজন নেই। পুলিশ সুপার, কক্সবাজার/মেট্রোপলিটন পুলিশ কমিশনারের ক্ষেত্রেও এটি প্রযোজ্য।

(৬) কোন জেলা/উপজেলায় উপদেষ্টার আগমন/প্রস্থানের সময় আশেপাশের জেলার বিমানবন্দর/রেল স্টেশন ট্রানজিট হিসাবে ব্যবহৃত হলে ট্রানজিট স্থানে সংশ্লিষ্ট জেলাপ্রশাসকের উপস্থিতির প্রয়োজন নেই; এক্ষেত্রে ট্রানজিট স্থানে জেলাপ্রশাসকের উপযুক্ত প্রতিনিধি উপস্থিত থাকবেন।

(৭) উপদেষ্টাগণের আগমন ও প্রস্থানের সময় বিভাগীয় কমিশনার অথবা সংশ্লিষ্ট রেঞ্জের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (ডিআইজি)-এর উপস্থিত থাকার প্রয়োজন নেই। বিভাগীয় কমিশনার সদর দপ্তরে উপস্থিত থাকলে উপদেষ্টার আগমনের পর তিনি তাঁর সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎ করতে পারেন।

(৮) উপদেষ্টাগণের সফরসূচি পাওয়ার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার নিরাপত্তার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(৯) দেশের অভ্যন্তরে উপদেষ্টার রেলযোগে ভ্রমণকালীন রেলওয়ে পুলিশ নিম্নোল্লিখিত নির্দেশাবলি অনুসরণ করবে:

(ক) উপদেষ্টার সফরসূচি পাওয়ার সঙ্গে সঙ্গে রেলওয়ে পুলিশ সুপার তৎক্ষণাৎ সংশ্লিষ্ট রুটের সকল পুলিশ স্টেশন/ফাঁড়িকে অবহিত করবেন।

(খ) যে স্টেশনে উপদেষ্টা ট্রেন হতে অবতরণ এবং ট্রেনে পুনরায় আরোহণ করবেন অথবা কোন জংশনে যে স্থানে ট্রেন বদলের প্রয়োজন হবে সেসব স্থানে পুলিশের একজন পরিদর্শক/ উপ-পরিদর্শক উপস্থিত থাকবেন।

(গ) রেলযোগে চট্টগ্রামে গমন ও প্রস্থানের সময় সেখানে চট্টগ্রাম রেলওয়ের পুলিশ সুপার উপস্থিত থাকবেন।

**<u>সাধারণ নির্দেশাবলি:</u>**

(১) উপদেষ্টাগণের সফরসূচি সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিকট যথাসময়ে প্রেরণ করতে হবে। সফরসূচিতে কোন পরিবর্তন হলে তাও যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।

(২) সার্কিট হাউস/সরকারি রেস্ট হাউস ব্যতীত নিজ বাড়ি কিংবা অন্যত্র অবস্থানের ক্ষেত্রে রাষ্ট্রাচার সংক্রান্ত বিদ্যমান নির্দেশাবলি প্রযোজ্য হবে। সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার নিরাপত্তার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(৩) সফরসূচি প্রণয়নের সময় সফরটি সরকারি, না ব্যক্তিগত তা উপদেষ্টাগণের দপ্তর হতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করতে হবে। সরকারি সফরের সময় উপদেষ্টাগণের জন্য যানবাহন ও বাসস্থানের ব্যবস্থা করা হবে। ব্যক্তিগত সফরের জন্য যানবাহন ও বাসস্থানের ব্যবস্থা করা হলে এ সংক্রান্ত সেবার মূল্য পরিশোধের প্রচলিত নিয়ম প্রযোজ্য হবে।

(৪) উপদেষ্টার একান্ত সচিব/সহকারী একান্ত সচিবগণ উপদেষ্টার ইচ্ছা অনুযায়ী এতদ্‌সংক্রান্ত দায়িত্ব পালন করবেন।

(৫) মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রিগণের রাষ্ট্রীয়/সরকারি কাজে বিদেশে গমন ও দেশে প্রত্যাগমনের সময় বিমানবন্দরে এবং দেশের অভ্যন্তরে সফরকালে অনুসরণীয় রাষ্ট্রাচার (Protocol) সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ১৮ এপ্রিল ২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৪২৩.২২.০০১.১৪.৬২ নম্বর স্মারকে জারীকৃত নির্দেশাবলি এতদ্দ্বারা বাতিল করা হলো।

২৭/০৮/২০২৪

(মোঃ মাহবুব হোসেন)
মন্ত্রিপরিষদ সচিব

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০১.২৪.৬১

তারিখ: ১২ ভাদ্র ১৪৩১ / ২৭ আগস্ট ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
২। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৩। অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।
৪। বিভাগীয় কমিশনার (সকল)।
৫। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব।
৬। উপদেষ্টাগণের একান্ত সচিব।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। সিস্টেম এনালিস্ট, মন্ত্রিপরিষদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৭/০৮/২৪

(শেখ জোবায়ের আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৪৪৬